# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

**জনসংযোগ শাখা, চট্টগ্রাম**

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


**তারিখ: ১৩.০২.২০২৫**

প্রেস বিজ্ঞপ্তি

## রোববার শুরু হচ্ছে চট্টগ্রাম আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা ২০২৫

চট্টগ্রাম আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা ২০২৫ রোববার শুরু হতে যাচ্ছে। বৃহস্পতিবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আয়োজিত এক প্রেস কনফারেন্সে এ তথ্য নিশ্চিত করেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন। চট্টগ্রামের শিক্ষার্থীদের ফুটবল প্রতিভা তুলে ধরতে এবং ক্রীড়া চর্চাকে উৎসাহিত করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, রোটার‍্যাক্ট ক্লাব অব মেডিকেল কমিউনিটি এবং পিএইচ আর কমিউনিকেশন লিমিটেড এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে এ টুর্নামেন্ট অনুষ্ঠিত হতে যাচ্ছে। মেয়র জানান, ১৬ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া এ প্রতিযোগিতায় চট্টগ্রামের শীর্ষস্থানীয় ১২টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান অংশ নিচ্ছে এবং এতে শতাধিক খেলোয়াড় অংশগ্রহণ করবে। প্রতিটি ম্যাচ আন্তর্জাতিক মানের নিয়ম মেনে পরিচালিত হবে, যেখানে থাকবেন পেশাদার রেফারি, প্রযুক্তিগত সহায়তা এবং সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা। ২৫ ফেব্রুয়ারি প্রতিযোগিতার গ্র্যান্ড ফিনালে-তে অনুষ্ঠিত হবে 'ডেস্টিনেশন ফেস্ট', যেখানে এইচএসসি পরীক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হবে। এছাড়া সমাপনী অনুষ্ঠানে থাকবে এক জমকালো লাইভ কনসার্ট, যেখানে অংশ নেবে বাংলাদেশের অন্যতম জনপ্রিয় একটি ব্যান্ড। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দল পাবে ১ লক্ষ টাকা এবং রানার আপ দল পাবে ৭৫ হাজার টাকার পুরস্কার। ১২ টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে অংশগ্রহণকারী দলগুলো হচ্ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, প্রিমিয়ার ইউনিভার্সিটি, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, সাউদার্ন ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চিটাগং, মেরিন সিটি মেডিকেল কলেজ, ইন্সটিটিউট অব অ্যাপ্লাইড হেলথ সায়েন্স, চট্টগ্রাম কলেজ, হাজী মো. মহসিন কলেজ গভ. কমার্স কলেজ, সিটি কলেজ, ইসলামিয়া ডিগ্রি কলেজ। প্রেস কনফারেন্সে চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, এই প্রতিযোগিতা শুধু একটি খেলা নয়, বরং শিক্ষার্থীদের শারীরিক, মানসিক এবং সামাজিক বিকাশের জন্য একটি বড় প্ল্যাটফর্ম। খেলাধুলা শৃঙ্খলা, নেতৃত্ব, দলগত চেতনা ও সহনশীলতা শেখায়, যা ভবিষ্যতে তাদের পেশাগত ও ব্যক্তিগত জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। "চট্টগ্রামে ইনশআল্লাহ প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ করার লক্ষ্য নিয়ে আমি এগুচ্ছি। ইতোমধ্যে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে আমরা খেলার মাঠ করে দেওয়ার চেষ্টা করছি এবং সাতটা খেলার মাঠের ভিত্তি প্রস্তর স্থাপন হয়ে গেছে অলরেডি। আমাদের আগ্রাবাদে যে জাম্বুরি মাঠটা আছে সেটাকে আমরা পার্ক থেকে আলাদা করে ফেলেছি। এই মাঠটির উন্নয়নে আমাদের সাথে জয়েন্টলি কাজ করার জন্য একটি ব্যাংক এগিয়ে এসেছে। আমরা তাদেরকে সহায়তায় মাঠটিকে উন্নত করব।"এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিন, প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, ডা. সরোয়ার আলম, প্রতিযোগিতার অর্গানাইজিং কমিটির প্রোগ্রাম চেয়ার হারুনুর রশিদ আকাশ, প্রোগ্রাম কোর্ডিনেটর: এ টি এম ফাউজুল কবির, মিডিয়া কোর্ডিনেটর তন্ময় চৌধুরী, ম্যানেজার অপারেশন ফয়সাল হোসেন বাতিন, আশরাফ ইফতি, ডা. শেখ আরাফাত, জিয়ন চৌধুরী, আদিল, ফাইরোজ, শিপণ, রাফি, অপু, সবুজ, সাবরিনা শায়লা, জাকিয়া, ফাহিম, মুশফিক, আনাজ।

## শতবর্ষী অপর্ণাচরণ স্কুল এন্ড কলেজের উন্নয়নে সিটি কর্পোরেশন ব্যাপক পরিকল্পনা নিচ্ছে: মেয়র ডা. শাহাদাত

শতবর্ষী পুরানো অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের উন্নয়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যাপক পরিকল্পনা হাতে নিয়েছে। কলেজের অবকাঠামো উন্নয়ন এবং বাহিরে ফুটপাত দখলমুক্তকরণ ও ডাস্টবিন গুলো সরানোর উদ্যোগ নেওয়া হয়েছে। কলেজের চারিদিকে গ্রিন ওয়াকওয়েসহ সৌন্দর্যবর্ধন এবং এই এলাকার পথচারীদের জন্য গণশৌচাগর নির্মাণ করা হবে। বিপ্লবী কন্যা প্রীতিলতার স্মৃতির জন্য এ প্রতিষ্ঠানটি আমাদের গৌরবগাঁথা ইতিহাসের অংশ। শিক্ষার্থীরা বীর কন্যা প্রীতিলতা যেভাবে জুলুম নির্যাতনের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে ব্রিটিশ বিরোধী আন্দোলনের যোগদান করেছিল তোমাদেরও অন্যায় অত্যাচার অবিচারের বিরুদ্ধে সোচ্চার হতে হবে। বৃহস্পতিবার দুপুরে নগরীর অপর্ণাচরণ সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় ও কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী সভা, সম্প্রসারিত উর্ধ্বমুখী ভবনের উদ্বোধন এবং কলেজ থেকে প্রকাশিত বার্ষিকী 'অরুণিকা'র মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডাক্তার শাহাদাত হোসেন উপরোক্ত কথা বলেন। তিনি বলেন শুধু পুঁথিগত শিক্ষা অর্জন করলে হবে না নৈতিক শিক্ষায় শিক্ষিত হবে। এখন শিক্ষিত মানুষের অভাব নেই, কিন্তু ভালো মানুষের, সুশিক্ষিত মানুষের অভাব রয়েছে আমাদেরকে সেই অভাব পূরণ করতে হবে। সিটি মেয়র শিক্ষকদেরকে অভিভাবকের ন্যায় ভূমিকা রাখার আহ্বান জানিয়ে বলেন অপর্ণাচরণ যেই ইতিহাস সৃষ্টি করেছে তার মূলেই আপনাদের অবদান রয়েছে।আগামীতেও এ প্রতিষ্ঠানটিকে এগিয়ে নিতে হলে আপনাদেরকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা। স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ মোহাম্মদ

আবু তালেব বেলাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাথরঘাটা ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ইসমাইল হোসেন বালি, কলেজের অভিভাবক সদস্য ইঞ্জিনিয়ার পাওয়ার রক্ষিত, মিউনিসিপাল মডেল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ সাহেদুল কবির চৌধুরী। কলেজের প্রভাষক পূরবী চক্রবর্তী, সুতপা চৌধুরী, সরকারি শিক্ষক গৌরী দাসের সঞ্চালনায় অনুষ্ঠিত সবায় উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক মোহাম্মদ গোলাম হাক্কানী, কদম মোবারক সিটি কর্পোরেশন স্কুলের প্রধান শিক্ষক টিংকু কুমার ভৌমিক, পাঠানটুলি খান সাহেব স্কুলের সরকারি প্রধান শিক্ষক মোহাম্মদ শাহ আলম, কৃষ্ণকুমারী সিটি কর্পোরেশনের বালিকে উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক মোহাম্মদ তমিজ উদ্দিন। শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষ্ঠানের আহ্বায় শাহিদা বেগম। অনুষ্ঠানের শুরুতে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন, স্কুল ও কলেজের সংস্কৃতিক স্কোয়ার্ড এর সদস্যরা। পরে স্কুল বার্ষিকী অরুণিকার মোড়ক এবং নতুন ভবনের সম্প্রসারিত অংশের উদ্বোধন করেন।একই দিনে প্রবর্তক স্কুল এন্ড কলেজের বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন প্রবর্তক সংঘ (বাংলাদেশ) এর সম্পাদক ডা: শ্রীপ্রকাশ বিশ্বাস, ট্রেজারার প্রফেসর ডঃ রণজিৎ কুমার চৌধুরী, প্রবর্তক স্কুল এন্ড কলেজ গভর্নিং বডির সদস্য শ্রী ঝুলন বৈষ্ণব, প্রফেসর রীতা দত্ত, ডা. বিদ্যুৎ বিশ্বাস, প্রফেসর নারায়ণ বৈদ্য, সভাপতিত্ব করেন প্রবর্তক স্কুল এন্ড কলেজ গভর্নিং বডির সভাপতি শ্রী ইন্দু নন্দন দত্ত, আহবায়ক আতাউল করিম (প্রভাষক), দীপন কান্তি দাশ (সিনিয়র শিক্ষক) উপস্থাপক মুক্তা দত্ত (প্রভাষক), সীমা রানী দেব (সিনিয়র শিক্ষক)। শুরু হল আবাসন খাতের অন্যতম বড় আয়োজন রিহ্যাব চট্টগ্রাম ফেয়ার ২০২৫। রেডিসন ব্লু চট্টগ্রাম বে ভিউ এ আজ দুপুরে প্রধান অতিথি হিসাবে এবছর রিহ্যাব চট্টগ্রাম ফেয়ার ২০২৫ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডাঃ শাহাদত হোসেন । ৪ দিন ব্যাপী এ মেলা চলবে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত। এবারের ফেয়ারে ৬৩টি স্টল থাকছে। রিয়েল এস্টেট প্রতিষ্ঠান ছাড়াও বিল্ডিং ম্যাটেরিয়ালস ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানকে অংশগ্রহণ করার সুযোগ করে দিয়েছে রিহ্যাব। উদ্বোধনী অনুষ্ঠানে সিটি কর্পোরেশনের মেয়র বলেন, চট্টগ্রামকে মনোরমভাবে বাসস্থানের উপযোগী করার জন্য বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছেন। ঢাকা-চট্টগ্রাম সহ সারা দেশের নাগরিকদের আবাসনের স্বপ্ন পুরণে রিহ্যাব এর অবদান অনেক বড় এমন কথাও বলেন তিনি। মেলার আয়োজন করার জন্য রিহ্যাব এর প্রশংসা করেন তিনি

মেলার উদ্বোধনী অধিবেশনে স্বাগত বক্তব্য প্রদান করেন রিহ্যাব এর ভাইস প্রেসিডেন্ট ও চট্টগ্রাম রিজিওনাল কমিটির চেয়ারম্যান হাজী দেলোয়ার হোসেন। এ বছর চট্টগ্রাম ফেয়ার অনেক জমজমাট হবে এমন প্রত্যাশা করেন তিনি। তিনি আরও বলেন, 'দেশে এবং বিদেশে গৃহায়ণ শিল্পের বাজার সৃষ্টি ও প্রসারে রিহ্যাব কাজ করে যাচ্ছে। প্রবাসী ক্রেতারা তাদের পছন্দের আবাসন খুঁজে পাচ্ছেন, যা বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়তা করছে। পাশাপাশি দেশের অর্থনীতি এবং লিংকেজ শিল্প বিকাশে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।উদ্বোধনী অনুষ্ঠানে রিহ্যাব প্রেসিডেন্ট মোঃ ওয়াহিদুজ্জামান সদস্য এবং ক্রেতাদের মধ্যে সেতুবন্ধন তৈরি করতে এই ফেয়ার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করেন তিনি। রিহ্যাব প্রেসিডেন্ট বলেন, "অর্থনৈতিক অগ্রগতির সাথে সাথে মানুষের ভাল জায়গায় সুন্দর একটি ফ্ল্যাট নিয়ে থাকার আগ্রহ বাড়ছে। আমরা নাগরিকদের স্বপ্ন পূরণে কাজ করে যাচ্ছি।

রিহ্যাব এর সিনিয়র ভাইস লিয়াকৎ আলী ভুইয়া আবাসন খাতের লিংকেজসহ বিভিন্ন অবদানের কথা তুলে ধরে বলেন, বর্তমান প্রেক্ষাপটে একজন নাগরিকের পক্ষে হাউজিং লোন ছাড়া ফ্ল্যাট বা প্লট ক্রয় করা প্রায় অসম্ভব। ক্রেতারা যাতে খুব সহজে এই ঋণ পেতে পারে সেই ব্যবস্থা করার জন্য জানান তিনি। পরিকল্পিত ও আধুনিক বাসস্থান তৈরিতে গৃহঋণের অবদান অনস্বীকার্য।

রিহ্যাব এর ভাইস প্রেসিডেন্ট-২ ও মেলা কমিটির (ন্যাশনাল) চেয়ারম্যান মোহাম্মদ আক্তার বিশ্বাস, ভাইস প্রেসিডেন্ট (ফিন্যান্স) আব্দুর রাজ্জাক, চট্টগ্রাম রিজিওনাল কমিটির কো চেয়ারম্যান মোহাম্মদ মোরশেদুল হাসান হোসেন সহ রিহ্যাব পরিচালকবৃন্দ এবং অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিদিন সকাল ১০ থেকে রাত ৯ টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীরা মেলায় প্রবেশ করতে পারবেন। মেলায় দুই ধরনের টিকিট থাকছে। একটি সিঙ্গেল এন্ট্রি অপরটি মাল্টিপল এন্ট্রি। সিঙ্গেল টিকিটের প্রবেশ মূল্য ৫০ টাকা। আর মাল্টিপল এন্ট্রি টিকিটের প্রবেশ মূল্য ১০০ টাকা। মাল্টিপল এন্ট্রি টিকিট দিয়ে একজন দর্শনার্থী মেলার সময় ৪ বার প্রবেশ করতে পারবেন। এবছর প্রতিদিন র‍্যাফেল ফেল ড্র অনুষ্ঠিত হবে।

## ফুটপাত দখল ও পলিথিন শপিং ব্যাগ ব্যবহার ৯ ব্যবসায়ীকে ২৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি করপোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীর কোতোয়ালি থানার ফিরিঙ্গীবাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

অভিযান কালে ফুটপাত দখল করে দোকানের মালামাল রেখে জনদুর্ভোগ সৃষ্টি করা, ক্ষতিকর পলিথিন শপিং ব্যাগ ব্যবহার করা ও ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করার অপরাধে ৯ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে প্রায় ১০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮